দৈনিক জনকণ্ঠ

তারিখ MAY 5 1999
পৃষ্ঠা 2 কলাম ৫

93

ব্যবহারকারীদের ৬টি করণীয়

# কম্পিউটার ভাইরাস সব ২৬ তারিখেই সক্রিয় হতে পারে

স্টাফ রিপোর্টার ॥ বাংলাদেশ কম্পিউটার সমিতি আশঙ্কা প্রকাশ করে বলেছে, গত ২৬ এপ্রিল যে সিআইএইচ ভাইরাস কর্তৃক কম্পিউটার আক্রান্ত হয়েছিল সেই ভাইরাসের অন্য ভার্সনগুলো পরবর্তী ২৬ তারিখগুলোতে সক্রিয় হয়ে উঠতে পারে। কম্পিউটার সমিতি একই সাথে ভাইরাস আক্রান্ত বিষয়ে পূর্বাভাস প্রদানে ব্যর্থতার জন্য দুঃখ প্রকাশ করে বলেছে, সম্ভাব্য দুর্যোগের পূর্বাভাস ও প্রস্তুতি নেয়ার ক্ষেত্রে বাংলাদেশ কম্পিউটার সমিতি যে ভূমিকা রাখতে পারত তা যথাসময়ে যথাযথভাবে নিতে পারেনি। এর পিছনে যত যুক্তি এবং কারণ থাকুক না কেন এ ত্রুটির দায়ভার বাংলাদেশ কম্পিউটার সমিতিকে নিতে হবে। এ জন্য আমরা আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি।

বাংলাদেশ কম্পিউটার সমিতি মঙ্গলবার দুপুরে জাতীয় প্রেসক্লাবে কম্পিউটার ভাইরাস সংক্রান্ত বিষয়ে সাংবাদিক সম্মেলনের আয়োজন করে। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির সাধারণ সম্পাদক আহমেদ হাসান জুয়েল। এ সময় উপস্থিত ছিলেন সমিতির সভাপতি আফতাবউল ইসলাম, কেন্দ্রীয় নেতা মাইনুল ইসলাম, আতিক এ রব্বানী, মজিবুর রহমান স্বপন, সবুর খান প্রমুখ।

সাংবাদিক সম্মেলনে ভাইরাস আক্রান্তের ঘটনাকে জাতীয় দুর্যোগ হিসাবে চিহ্নিত করে বলা হয়, এ দুর্যোগ কেবলমাত্র বাংলাদেশেই ঘটেনি। সিঙ্গাপুর, যুক্তরাষ্ট্র, দক্ষিণ কোরিয়া, ভারত, তাইওয়ানসহ অন্যান্য দেশেও ব্যাপকভাবে ঘটেছে। নেতৃবৃন্দ বলেন, ইতোমধ্যেই এ দুর্যোগ সৃষ্ট সমস্যার প্রয়োজনীয় সমাধান বের করে নিয়ে এসেছি এবং পুরো দুর্যোগের প্রাথমিক পর্যায় সম্পূর্ণরূপে নিয়ন্ত্রণের মাঝে নিয়ে আসতে সক্ষম হয়েছি। বাংলাদেশের কম্পিউটার কোম্পানিগুলো এখনও অবিরত কাজ করে চলেছে দুর্যোগের কারণে সৃষ্ট সমস্যাগুলোকে সম্পূর্ণ নির্মূল করার জন্য।

কম্পিউটার সমিতির নেতৃবৃন্দ ভাইরাসের আক্রমণ থেকে রক্ষা পাওয়ার জন্য সাধারণ কম্পিউটার ব্যবহারকারীদের করণীয় হিসাবে ৬টি বিষয়ে পরামর্শ প্রদান করেছে। এগুলো হচ্ছে, নিয়মিত এন্টি ভাইরাস প্রোগ্রাম চালানোর অভ্যাস গড়ে তোলা, পাইরেটেড সফটওয়্যার ব্যবহার বা অন্যের ডিস্ক ব্যবহারের ক্ষেত্রে সচেতন হওয়া এবং অবশ্যই ব্যবহারের আগে ভাইরাস স্ক্যানার দিয়ে স্ক্যান করে নেয়া, ই-মেইলের সাথে আসা অপ্রয়োজনীয় এবং যাচিত এ্যাটাচ ফাইল ডাউনলোড না করা এবং সেগুলো সিস্টেম থেকে মুছে ফেলা, ইন্টারনেট হতে ফ্রী সফটওয়্যার ডাউনলোড করার ক্ষেত্রে চূড়ান্ত সতর্কতা অবলম্বন করা এবং যে প্রতিষ্ঠান থেকে কম্পিউটার ক্রয় করা হয়েছে তার সাথে যোগাযোগ রক্ষা করা। কম্পিউটার সমিতি কম্পিউটার কোম্পানিগুলোর জন্যও কয়েকটি করণীয় বিষয় উল্লেখ করে।